

নম্বর: ৩৩.০২.০০০০.১২২.০৩.০০১.২৩.১২১

তারিখ: ২২ আশ্বিন ১৪৩০

০৭ অক্টোবর ২০২৩

অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হতে প্রাপ্ত তথ্য মতে তিস্তা নদীর উজানে ভারতের সিকিমে চুংথাং ড্যাম ক্ষতিগ্রস্ত হওয়া এবং সেখানে অতিবৃষ্টির কারণে পানি দেশের অভ্যন্তরে প্রবেশ করে তিস্তা নদীর অববাহিকায় অবস্থিত জেলাসমূহ বিশেষ করে লালমনিরহাট, নীলফামারী, রংপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধাসহ কয়েকটি জেলায় সংশ্লিষ্ট নদীর পানি বিপৎসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। ফলে, সংশ্লিষ্ট জেলাসমূহে বন্যার কারণে পুকুর/দিঘি প্লাবিত হয়ে মৎস্যসম্পদের ক্ষয়ক্ষতির আশংকা রয়েছে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট এলাকার মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রদান করা হলো:

- ১) সংশ্লিষ্ট বিভাগ, জেলা ও উপজেলাসমূহের কর্মকর্তা-কর্মচারীগণকে প্রস্তুতি গ্রহণসহ সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করা;
- ২) সংশ্লিষ্ট প্রত্যেক জেলায় জেলা মৎস্য কর্মকর্তার নেতৃত্বে একটি কন্ট্রোল রুম খোলা;
- ৩) বন্যার প্রভাবে পুকুর/দিঘি প্লাবিত হয়ে মাছ ও মাছের পোনা ভেসে যাওয়া ও অন্যান্য অবকাঠামোগত ক্ষতি রোধকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে পরামর্শ প্রদান করা;
- ৪) সংশ্লিষ্ট জেলা ও উপজেলা ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে সমন্বয়পূর্বক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সর্বশেষ পূর্বাভাস বার্তা মৎস্যজীবী ও মৎস্যচাষীদের মাঝে যথাযথভাবে প্রচারের ব্যবস্থা করা;
- ৫) পুকুর/দিঘিতে মাছ ও মাছের পোনা আকর্ষিত করে রাখার জন্য প্রয়োজনীয় খাদ্য প্রদান, আশ্রয়স্থল তৈরি এবং অক্সিজেনবর্ধক ও জীবাণুনাশকসহ মৎস্যচাষ উপকরণ যেমন চুন/জিওলাইট, অক্সিজেন ট্যাবলেট ইত্যাদি মৎস্যচাষীদের সংরক্ষণ করার পরামর্শ প্রদান করা;
- ৬) মৎস্যচাষীদের পুকুর/দিঘির পাড় উঁচু করা, জাল বা বানা দিয়ে ঘিরে রাখা ও প্রয়োজনে মাছ নিরাপদ স্থানে স্থানান্তর করা ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদান করা; এবং
- ৭) পুকুর/দিঘি প্লাবিত হওয়ার কারণে পানি দূষণমুক্ত এবং মাছের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা।

৭-১০-২০২৩

অলক কুমার সাহা

উপপরিচালক (মৎস্যচাষ)

ফোন: ০২-২২৩৩৮১৫৯২

ইমেইল:

নম্বর: ৩৩.০২.০০০০.১২২.০৩.০০১.২৩.১২১/১(৯)

তারিখ: ২২ আশ্বিন ১৪৩০
০৭ অক্টোবর ২০২৩

সদয় অবগতি, অবগতি ও কার্যার্থে অনুলিপি:

- ১) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (সদয় অবগতির জন্য)
- ২) পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (সদয় অবগতির জন্য)
- ৩) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর
- ৪) জেলা মৎস্য কর্মকর্তা, গাইবান্ধা/লালমনিরহাট/কুড়িগ্রাম/নীলফামারী/রংপুর
- ৫) সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)



৭-১০-২০২৩

মুহাঃ নওশের আলী
সহকারী পরিচালক (মৎস্যচাষ)